শৈলকুপায় জমি নিয়ে বিরোধ; একটি পরিবারের রাস্তা বন্ধ করেছে প্রতিপক্ষরা

ঝিনাইদহের শৈলকুপায় প্রকাশ্যে সন্ত্রাসী কায়দায় চলাচলের রাস্তা বন্ধ করে এক পরিবারকে অবরুদ্ধ করে রাখার অভিযোগ উঠেছে মানিক নামে স্থানীয় এক প্রভাবশালী চক্রান্তকারীর বিরুদ্ধে।

জমি নিয়ে বিরোধের জের ধরে লোহার তারের বেড়া পুঁতে পরিবারের একমাত্র বের হওয়ার পথই দখল করে নিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় ভুক্তভোগী মাহমুদা খাতুন শৈলকুপা থানা ও স্থানীয় সেনা ক্যাম্পে লিখিত অভিযোগ দায়ের করেছেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল সকালে উপজেলার ছোট মৌকুড়ী গ্রামে ভাদু মন্ডলের ছেলে মানিক দলবলসহ দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে মাহমুদা খাতুনের বসতবাড়ির প্রধান চলাচলের পথে পিলার পুঁতে লোহার তারের বেড়া দিয়ে চলাচলে বাধা সৃষ্টি করেন। এতে পরিবারটি কার্যত গৃহবন্দী হয়ে পড়েছে।

মাহমুদা খাতুন অভিযোগ করে বলেন, ‘দীর্ঘদিন ধরে জমি নিয়ে বিরোধ চলছিল। গ্রামের সালিশও হয়েছিল, কিন্তু মানিক তা মানেনি। নতুন করে স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে মীমাংসার উদ্যোগ চলছিল। তার আগেই আমাদের ভোগদখলকৃত জায়গা ঘিরে ফেলে রাস্তা বন্ধ করে দিয়েছে। বাধা দিতে গেলে অকথ্য গালিগালাজ, মারধর এমনকি প্রাণে মারার হুমকি দিয়েছে।’

ভুক্তভোগী পরিবারটি অভিযোগ করেছে, চলাচলের রাস্তা বন্ধ থাকায় তাদের নিত্যকার কাজকর্ম, স্কুল-কলেজে যাতায়াত, চিকিৎসা সবকিছুই চরমভাবে ব্যাহত হচ্ছে। এ ঘটনায় দ্রুত প্রশাসনিক পদক্ষেপ ও সুষ্ঠু বিচার চেয়েছেন তারা।

এ বিষয়ে অভিযুক্ত মানিকের সাথে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তার ফোন বন্ধ পাওয়া যায়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, ‘জমি সংক্রান্ত বিরোধের জেরে রাস্তা বন্ধ করে পরিবার অবরুদ্ধের

অভিযোগ পেয়েছি। তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’

ঝিনাইদহে বিএনপি কর্মীকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা

ঝিনাইদহে বিএনপি কর্মী রিপন মোল্লা (৪০)কে চার হাত-পাসহ শরীরের বিভিন্নস্থানে নৃশংসভাবে কুপিয়ে মারাত্বক জখম করেছে প্রতিপক্ষরা।

মঙ্গলবার রাতে সদর উপজেলা রাজাপুর গ্রামের এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

অবস্থার অবনতি হলে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এ ঘটনায় আহতের মা নুরজাহান বেগম বাদী হয়ে ৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো ৭/৮ জনের নামে সদর থানায় একটি মামলা দায়ের করেছেন। আহত রিপন সদর উপজেলার রাজাপুর গ্রামের মৃত আব্দুর রাজ্জাক মোল্লার ছেলে।

আহতের স্ত্রী ইসমতারা জানান, গ্রামে বিএনপির গ্রুপ পরিবর্তন নিয়ে বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ১০টার দিকে আমার স্বামী রিপনকে বাড়ি থেকে ডেকে সদর উপজেলার রাজাপুর গ্রামের আবুল কাসেম বাদশার ছেলে হুমায়ন, মৃত রুস্তম বিশ্বাসের ছেলে আব্দুল করিম, মৃত শাহাজাহানের ছেলে মিঠুন ও বাড়িবাথান গ্রামের মতিয়ার রহমানের ছেলে হারুন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে ফেলে যায়। এ সময় তার শরীর ক্ষত-বিক্ষতসহ হাত-পা শরীর থেকে প্রায় বিছিন্ন হয়ে গেছে। তাকে মারাত্বক জখম অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ও পরে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

এ ব্যাপারে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এম এ মজিদ জানান, অপরাধ যেই করুন না কেন কাউকে ছাড় নেয়। যদি বিএনপির কেউ এঘটনার সাথে জড়িত থাকে তাহলে তার বিরুদ্ধে দল সাংগঠনিক ব্যবস্থা গ্রহন

করবে।

এ তথ্য নিশ্চিত করে সদর থানার ওসি আব্দুল্লাহ আল-মামুন জানান, চারজনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ৭/৮জনের মামলা রেকর্ড করা হয়েছে। আশা করি খুব দ্রুত সময়ের মধ্যে আসামীদের পুলিশ ধরতে সক্ষম হবে।

শত্রুতার জেরে ঝিনাইদহে এক যুবকের হাত পাঁ ভেঙ্গে দিয়েছে প্রতিপক্ষরা

ঝিনাইদহ সদর উপজেলার দোগাছী ইউনিয়নের কলামনখালী বাজারে আজ মঙ্গলবার সকালে প্রতিপক্ষের হামলায় জুয়েল বিশ্বাস (৪৫) নামের এক যুবক আহত হয়েছে। আহত যুবক জুয়েল বিশ্বাস তালতলা হরিপুর গ্রামের মৃত লিয়াকত আলীর ছেলে।

আহত জুয়েলের ভাই আহম্মদ বিশ্বাস জানান, পূর্বশত্রুতার জের ধরে তালতলা হরিপুর গ্রামের প্রতিপক্ষ মাহবুব, আব্দুল্লাহ, রাজা, নাজমুল ও আলম হোসেনসহ আরো অনেকে আমার ভাই জুয়েল বিশ্বাসকে হত্যার উদ্দেশ্যে হাতুড়ী, রড, হকষ্টিক ও ধারালো অস্ত্র দিয়ে বেধড়ক পিটিয়ে মারাত্মক ভাবে আহত করে। এসময় তার মাথায় গুরুতর আঘাত করা হয়েছে, হাত ও দুই পাঁ ভেঙ্গে দিয়েছে।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক জুয়েলের অবস্থা আশংঙ্কা জনক হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকাতে রেফার্ড করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দীন জানান, সদর উপজেলার দোগাছী ইউনিয়নের কলমনখালী বাজারে প্রতিপক্ষের হামলার ঘটনা শুনেছি। জুয়েল বিশ্বাস নামের এক যুবক আহত হয়েছে। ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]